

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.৩০.০০২.১৬-৪৩৬

তারিখ: ২২/০৩/২০১৭ খ্রি.

**বেসরকারি ব্যবস্থাপনায় নিবন্ধন সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,

- ক) বেসরকারি ব্যবস্থাপনায় হজযাত্রীর কোটার ১,১৭,১৯৮ (এক লক্ষ সতের হাজার একশত আটানব্বই) জনের মধ্যে ২৬০৪ জন হজগাইড ও হজ এজেন্সীর ব্যবস্থাপনার জন্য ৮৫০ জন মোনাঞ্জেম সরাসরি নিবন্ধন করবে। অবশিষ্ট ১,১৩,৭৪৪ টি খালি কোটা প্রাক-নিবন্ধনের ক্রম অনুযায়ী পূরণের জন্য জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৭ এর ৩.১.৬ অনুযায়ী বেসরকারি ব্যবস্থাপনায় প্রাক-নিবন্ধনের সিরিয়াল ২,১৭,২৮৮ পর্যন্ত প্রাক-নিবন্ধিতকে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ২০১৭ সনের নিবন্ধনের জন্য প্রাথমিকভাবে নির্ধারণ করেছে।
- খ) বেসরকারি ব্যবস্থাপনায় নির্ধারিত প্রাক-নিবন্ধিত হজে গমনেচ্ছুগণ (প্রাক-নিবন্ধনের সিরিয়াল ২,১৭,২৮৮ পর্যন্ত) ২০১৭ সনে হজে গমনের জন্য নিবন্ধন সম্পন্ন করবেন। হজ প্যাকেজে ঘোষিত ১,৫৬,৫৩৭.৭১ টাকার মধ্যে জামানত হিসেবে ২৮,৭৫২/- টাকা গ্রহণ করা হয়। সিটি-চেক-ইন, জমজম পানি, ১% হারে অতিরিক্ত বাড়ি ভাড়া, ব্যাংক গ্যারান্টি সৌদি হজ মন্ত্রণালয়ের অনুকূলে, ব্যাংক গ্যারান্টি সৌদি জেনারেল কার সিন্ডিকেটের অনুকূলে, স্থানীয় সার্ভিস চার্জ, হজযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড), হজযাত্রীদের জন্য ট্রলীব্যাগ এবং প্রশিক্ষণ ফি বাবদ সর্বমোট ৮,৪০১/- (আট হাজার চারশত এক) টাকা কর্তন করে অবশিষ্ট ২০,৩৫১/- (বিশ হাজার তিনশত একান্ন) টাকা সংশ্লিষ্ট এজেন্সীর নিবন্ধিত হজযাত্রীর সংখ্যার বিপরীতে স্ব-স্ব এজেন্সীর হিসাবে ফেরত প্রদান করা হবে। অতএব সংশ্লিষ্ট হজ এজেন্সী কর্তৃক তাদের স্ব-স্ব ব্যাংক হিসাবে নিবন্ধন ভাউচারের মাধ্যমে বিমান ভাড়া বাবদ ১,২৪,৭২৩.২১ টাকা জমা প্রদান করবে। ব্যাংকে গচ্ছিত টাকার মধ্যে হজ প্যাকেজে ঘোষিত বিমান ভাড়া কেবলমাত্র বিমান টিকেট ক্রয়ের জন্য সংশ্লিষ্ট ব্যাংক হতে সংশ্লিষ্ট এয়ারলাইন্সের অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে প্রেরণ করতে হবে। হজ এজেন্সী টিকেটের টাকা অন্য কোন কাজে উত্তোলন করতে পারবে না। উল্লেখ্য যে, সৌদি আরবে প্রদেয় বিভিন্ন সার্ভিস চার্জ ও পরিবহন ফি এবং জেদ্দা, মক্কা, মদিনা ও আল-মাশায়ের যাতায়াতের বাস সেবা ইত্যাদি স্ব-স্ব এজেন্সী IBAN হিসাবের মাধ্যমে সৌদি সরকার কর্তৃক নির্ধারিত পরিমাণ অর্থ (সৌ:রি:) সরাসরি পরিশোধ করবে। নিবন্ধন কার্যক্রমে নির্বাচিত ব্যাংকসমূহ সরকার নির্ধারিত অর্থ প্রাপ্তি নিশ্চিত করে হজযাত্রীর নিবন্ধন সম্পন্ন করবে। যারা নিবন্ধন সংক্রান্ত যাবতীয় টাকা জমা দিতে ব্যর্থ হবেন তাদের ক্ষেত্রে অবশিষ্ট কোটা পূরণের জন্য জাতীয় হজ ও ওমরাহ নীতি ১৪৩৮ হিজরি (২০১৭ খ্রি.) এর ৩.১.৮ অনুসৃত হবে। জাতীয় হজ ও ওমরাহ নীতি ১৪৩৮ হিজরি (২০১৭ খ্রি.) এর ৩.১.১৬ অনুযায়ী এই বিজ্ঞপ্তিতে প্রকাশিত সিরিয়ালের বাইরে কারো কাছ হতে হজ প্যাকেজের অবশিষ্ট অর্থ গ্রহণ করা যাবে না।
- গ) যদি কোন হজ এজেন্সী রাজকীয় সৌদি সরকারের ন্যূনতম কোটা ১৫০ জনের নিবন্ধন করার জন্য প্রাক-নিবন্ধিত (প্রাক-নিবন্ধনের সিরিয়াল ২,১৭,২৮৮ পর্যন্ত) হজে গমনেচ্ছু না থাকে, তবে তারা জাতীয় হজ ও ওমরাহ নীতি ১৪৩৮ হিজরি (২০১৭ খ্রি.) এর ৪.৩ অনুসরণ করে লিড এজেন্সী নির্ধারণ করতে হবে। অতঃপর সমঝোতাকারী এজেন্সীকে হজে গমনেচ্ছু প্রাক-নিবন্ধিতদের অনলাইনে লিড এজেন্সীর অনুকূলে বিদ্যমান পদ্ধতিতে স্থানান্তর সংক্রান্ত যাবতীয় কাজ ২৮ মার্চ, ২০১৭ খ্রি: এর মধ্যে সম্পন্ন করতে হবে। স্থানান্তরিত হজযাত্রীদের যাবতীয় দায়-দায়িত্ব লিড এজেন্সী গ্রহণ করে নিবন্ধন সম্পন্ন করবে। মোনাঞ্জেম অবশ্যই লিড এজেন্সীর হতে হবে। এজন্য, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মোনাঞ্জেম বিষয়ে প্রকাশিতব্য পরিপত্র অনুসরণ করতে হবে। উল্লেখ্য যে, লিড এজেন্সী নির্ধারনে সমঝোতা পত্রের নমুনা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেওয়া আছে।
- ঘ) ই-হজ ব্যবস্থাপনার সাথে সমন্বয়ের জন্য বেসরকারি হজযাত্রীগণের পাসপোর্ট স্ক্যান করে নিবন্ধন তথ্য পূরণ করতে হবে। বেসরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজযাত্রীগণ পাসপোর্ট বিষয়ে হজ প্যাকেজ ১৪৩৮ হিজরি (২০১৭ খ্রি.) এর ৪.১ অনুচ্ছেদ অনুসরণ করবেন।
- ঙ) ২০১৭ সনের হজ প্যাকেজ অনুযায়ী হজযাত্রীদের নিবন্ধন কার্যক্রম ২৮ হতে ৩০ মার্চ, ২০১৭ খ্রি. পর্যন্ত চলবে।



মোঃ আবুল হাসান  
সিনিয়র সহকারী সচিব (হজ-১)  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
ফোন : ৯৫৮৪৩২২ (অফিস)